

শিবপুর: যৌথ নিয়ন্ত্রণ চায় রাজ্য

নিজস্ব প্রতিনিধি – শিবপুর বি ই বিশ্ববিদ্যালয়কে জাতীয় স্তরে উন্নীত করার ব্যাপারে কেন্দ্রের সঙ্গে যৌথ নিয়ন্ত্রণ চাইছে উচ্চ শিক্ষা দপ্তর। তবে ছাত্র ভর্তির ব্যাপারে আগের নিয়ম বলবৎ রাখতে আগ্রহী উচ্চশিক্ষামন্ত্রী সুদর্শন রায়চৌধুরী। শিবপুর বিশ্ববিদ্যালয়কে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সার্বেঞ্জ অ্যান্ড টেকনোলজি (আই আই ই এস টি) স্তরে উন্নীত করার ব্যাপারে সোমবার শিবপুরের শিক্ষকদের সঙ্গে আলোচনায় এই চিন্তা স্পষ্ট করেন সুদর্শনবাবু।

দেশের সাতটি চিহ্নিত অগ্রণী প্রতিষ্ঠানের মধ্যে শিবপুর বিশ্ববিদ্যালয়কে মোট ৫১৯ কোটি টাকা দেওয়ার প্রস্তাব দিয়েছে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক। তবে তার আগে রাজ্য সরকারকে নিয়ন্ত্রণ এবং ছাত্রভর্তির পদ্ধতি পরিষ্কার করে জানাতে হবে। এব্যাপারে নির্ধারিত সময়সীমা পেরিয়ে যেতে বসেছে। এদিন বৈঠকে পারাপারি কোনও সিদ্ধান্ত না হলেও শিবপুর বিশ্ববিদ্যালয়কে প্রস্তাবিত জাতীয় প্রতিষ্ঠানে পরিণত করলে ইন্ডিয়ান পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের মতো কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ নিয়ন্ত্রণ চাইছেন সুদর্শনবাবু। তবে ছাত্রভর্তির ব্যাপারে চলতি জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাই ঠিক আছে বলে তিনি জানান, “আমাদের এখানে নিয়ন্ত্রণের যে ব্যবস্থা রয়েছে তাতে অসুবিধে কী আছে? জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় তো রাজ্যের বাইরের ছেলেরাও বসেছে।” শিবপুর বি ই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনের সাধারণ সম্পাদক সুজয় মুখোপাধ্যায় জানান, “কেন্দ্রের প্রস্তাবকে স্বাগত জানিয়েছেন। এবং আশ্বাস দিয়েছেন যত তাড়াতাড়ি সম্ভব একটি সিদ্ধান্ত নিয়ে নেবেন।”